বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
(সেচ)

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
লালমনিরহাট রিজিয়ন (লালমনিরহাট + কুড়িগ্রাম)
বিএডিসি কমপ্লেক্স, মহেন্দ্রনগর
লালমনিরহাট
টেলিফোন: ০২৫৮৭৭১৪১০৫
ই-মেইল: xenlalmonirhat.badc@yahoo.com

Office of the Executive Engineer
Lalmonirhat Region (Lalmonirhat + Kurigram)
BADC Complex, Mohendranagar
Lalmonirhat
Telephone: 02587714105
E-mail: xenlalmonirhat.badc@yahoo.com

নং-১২.০৬.৫২০০.৬৫২.১৮.০০৫.২৩-১৪২২

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩৩ / ০৭ মে ২০২৫

# পরিপত্র

বিষয়: উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে তথ্য ও দস্তাবেজ দাখিল সংক্রান্ত নির্দেশনা

নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ), লালমনিরহাট রিজিয়নের আওতাধীন উন্মুক্ত দরপত্র পদ্ধতির (OTM) দরপত্রসমূহে অংশগ্রহণের ক্ষেত্রে সম্মানিত সকল দরপত্রদাতা/ইকোনমিক অপারেটরকে সংশ্লিষ্ট বিধানাবলিসহ নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে:

| | | |
|---|---|---|
| ১. | Audit Report | ➢ ছোট আকারের কাজের জন্য ন্যূনতম ০১ (এক) বছরের অডিট রিপোর্ট এবং<br>➢ মাঝারি ও বৃহৎ আকারের কাজের জন্য ন্যূনতম ০৩ (তিন) বছরের অডিট রিপোর্ট দরপত্রের সাথে সংযুক্ত ও ই-জিপি সিস্টেমে যথাযথভাবে আপলোড করতে হবে। অডিট রিপোর্ট সঠিকভাবে দাখিল/আপলোড না করা হলে সংশ্লিষ্ট দরপত্র পিপিআর ২০২৫ অনুযায়ী সরাসরি Non-Responsive হিসেবে বিবেচিত হবে। |
| ২. | Turnover | ➢ বার্ষিক গড় Turnover প্রমাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট Payment Certificate যথাযথভাবে আপলোড করতে হবে। অসম্পূর্ণ বা অসামঞ্জস্যপূর্ণ তথ্য গ্রহণযোগ্য হবে না। |
| ৩. | Similar Works | ➢ Similar Works এর অভিজ্ঞতা প্রমাণের জন্য Work Completion Certificate দাখিল করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট NOA (Notification of Award) এর অনুলিপি সংযুক্ত রাখতে হবে। |
| ৪. | Tenderer Information | ➢ ই-জিপি সিস্টেমে Tenderer Information Form যথাযথভাবে পূরণ করতে হবে। বিশেষ করে Tender Capacity, Turnover, List of Ongoing Works ইত্যাদি তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে এবং আপলোডকৃত সকল সনদ/ডকুমেন্টের সাথে উল্লিখিত তথ্যের পূর্ণ সামঞ্জস্য থাকতে হবে। কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে দরপত্র বাতিলযোগ্য হবে। |
| ৫. | Prescribed Format | ➢ Work Completion Certificate এবং Liquid Asset সংক্রান্ত তথ্য STD (Standard Tender Document) অনুযায়ী নির্ধারিত (Prescribed) ফরম্যাটে দাখিল করতে হবে। |
| ৬. | Manpower & Equipment | ➢ Manpower এবং Equipment List ঠিকাদারের নিজস্ব প্যাডে প্রস্তুত করে দাখিল করতে হবে, যেখানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সিল ও অনুমোদিত ব্যক্তির স্বাক্ষর থাকতে হবে। |
| ৭. | Document Upload | ➢ ই-জিপি সিস্টেমে আপলোডকৃত দলিলের শিরোনাম ও বিষয়বস্তুর মধ্যে অসামঞ্জস্য এবং এলোমেলো উপস্থাপন মূল্যায়ন প্রক্রিয়াকে জটিল করে। অতএব, সকল দলিল সঠিক শিরোনামে, নির্ধারিত ক্রমে এবং বিষয়বস্তুর সাথে সামঞ্জস্য রেখে আপলোড করতে হবে। |

নির্দেশনাবলি যথাযথভাবে অনুসরণ করা না হলে দরপত্র মূল্যায়নকালে সংশ্লিষ্ট দরপত্র Non-Responsive হিসেবে গণ্য হওয়ার সম্ভাবনা রয়েছে। অতএব, সকল ইকোনমিক অপারেটরকে দরপত্র দাখিলের পূর্বে নির্দেশনাবলি সতর্কতার সাথে পর্যালোচনা করে পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

07/5/26

(মোঃ জাহিদ আনছারী)
পরিচিতি নং- ০৩০২৬৭
নির্বাহী প্রকৌশলী